



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং ৭জি/৩৯(ক-৩)/২০০১৭৪১২/৪

তারিখ : ২৮/০১/২০২০ খ্রি.

বিষয় : টাইমস্কেলের বিষয়ে মতামত প্রদান।

সূত্র : অধ্যক্ষের ১৫/০৭/২০১৯ খ্রি. তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রাজশাহী জেলার মোহনপুর উপজেলাধীন মহব্বতপুর খানপুর ডিগ্রী কলেজ এর নিম্নোক্ত ০৯ জন শিক্ষকের টাইমস্কেলের বিষয়ে মতামত প্রদানের জন্য সূত্রোক্ত স্মারক মোতাবেক আবেদন করেন।

ক্রম	নাম, পদবী ও ইনডেক্স নম্বর	যোগাদান	এমপিওভুক্তির
১	জনাব মো: শামসুল আলম, প্রভাষক-ইসলামী শিক্ষা (৩০৮৭৭১২)	০৭/০৫/২০০৩	০১/০২/২০১৩
২	জনাব মো: আব্দুল মান্নান, প্রভাষক-ইসলামের ইতিহাস(৩০৮৭৭০৮)	০৩/৯/২০০২	০১/০২/২০১৩
৩	জনাব মো: ফজলুল হক, প্রভাষক-ইসলামী শিক্ষা (৩০৮৭৭১৩)	০৭/০৫/২০০৩	০১/০২/২০১৩
০৪	জনাব মো: আ: রাজ্জাক সরকার, প্রভাষক-ইতিহাস(৩০৮৭৭১৪)	০৭/০৫/২০০৩	০১/০২/২০১৩
০৫	জনাব মো: শহীদুল্লাহ, প্রভাষক-ইসলামের ইতিহাস(৩০৮৭৭০৮)	২৬/১১/২০০০	০১/০২/২০১৩
০৬	জনাব জে.এম পারভীন খান, প্রভাষক-ইতিহাস(৩০৮৭৭০২)	২৬/১১/২০০০	০১/০২/২০১৩
০৭	জনাব সুলতানা মহসিনা, প্রভাষক-সমাজকল্যান(৩০৮৭৭০৩)	২৬/১১/২০০০	০১/০২/২০১৩
০৮	জনাব খোদেজা আক্তার সিদ্দিকা, প্রভাষক-রাষ্ট্রবিজ্ঞান(৩০৮৭৭০৫)	০২/০৯/২০০২	০১/০২/২০১৩
০৯	জনাব মো: আবুল কালাম আজাদ, প্রভাষক-বাংলা(৩০৮৭৭১০)	২২/৯/২০০২	০১/০২/২০১৩

মহামান্য হাইকোর্টে দায়েরকৃত রিট পিটিশন নং ৯৩৪৭/২০১০ এর রায়ে প্রেক্ষিতে ফেব্রুয়ারি/২০১৩ মাস থেকে বর্ণিত ০৯ জন শিক্ষককে বকেয়া ব্যতিত এমপিও ভুক্ত করা হয়। পরবর্তীতে শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭৪.০২৮.০০১(বকেয়া).২০১২.৬৩৫ তারিখ : ১৫/১২/২০১৬ খ্রি. মোতাবেক ৯ জন শিক্ষককে যোগদানের তারিখ থেকে বকেয়া প্রদান করা হয়। যেহেতু যোগদানের তারিখ থেকে বকেয়া বেতন ভাতা প্রদান করা হয়েছে সেক্ষেত্রে তাদের টাইমস্কেল/উচ্চতর স্কেলসহ জ্যেষ্ঠতা যোগদানের তারিখ থেকে কার্যকর হবে। জাতীয় বেতনস্কেল-২০১৫ জারির তারিখ থেকে টাইমস্কেল বিলুপ্ত হয়। তবে জাতীয় বেতনস্কেল জারির পূর্ব পর্যন্ত বিধি মোতাবেক টাইমস্কেল প্রাপ্য হলে বিধি মোতাবেক প্রদান করতে হবে। এমতাবস্থায়, বর্ণিত ০৯ জন শিক্ষককে যোগদানের তারিখ থেকে গণনা করে জাতীয় বেতনস্কেল-২০১৫ জারির পূর্ব পর্যন্ত ৮ বছর পূর্ণ হলে বিধি মোতাবেক টাইমস্কেল প্রাপ্য হবেন।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বিষয়টি অবহিত করা হলো।

অধ্যক্ষ

মহব্বতপুর খানপুর ডিগ্রী কলেজ
মোহনপুর, রাজশাহী।

বিতরণ :

- (১) সভাপতি, গভর্নিং বডি, মহব্বতপুর খানপুর ডিগ্রী কলেজ, মোহনপুর, রাজশাহী;
- (২) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী;
- (৩) জেলা শিক্ষা অফিসার, রাজশাহী;
- (৪) সংরক্ষণ নথি।

স্বাক্ষর
২৭-১-২০২০

(মো. আবদুল কাদের)

সহকারী পরিচালক(কলেজ-৩)

ফোন নং ৯৫৫৬০৫৭